দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

MAR. 24 2002

...ত
...অন্ত
...পাড় হলো
...অবস্থা আরও
...রিকশায় উঠতে
...বের জন্য কর্তৃপক্ষের

—আবদুল হামিদ
গ্রাম: আম্বিকাপুর, ফরিদপুর।

## স্বল্পব্যয়ী কমিউনিটি বিদ্যালয়গুলো সরকারীকরণ চাই

নিরক্ষরতা দূরীকরণ ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে বিএনপি সরকারের শাসনামলে ১৯৯০ সাল হতে ১৯৯৭ সাল পর্যন্ত সারা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসমূহে প্রায় ৪০০০টি স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়। এই বিদ্যালয়গুলোতে শিক্ষাদানের জন্য প্রায় ১২ হাজার শিক্ষক/শিক্ষিকা নিয়োগদান করা হয়। উল্লেখ্য এই সব শিক্ষক/শিক্ষিকাকে কোন নির্দিষ্ট বেতন স্কেলে বেতন-ভাতা প্রদান করা হয়নি। শুধু মাত্র সম্মানী ভাতার মাধ্যমেই নিয়োগপ্রাপ্ত শিক্ষক/শিক্ষকাগণ অন্যান্য সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের পাশাপাশি কমিউনিটি বিদ্যালয়সমূহে শিক্ষাদান করে আসছে। যা হচ্ছে প্রাথমিক শিক্ষা বৃদ্ধিতে বিপুল সহায়ক। গত আওয়ামী লীগ শাসনামলে বাংলাদেশ স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহে উল্লেখযোগ্য কোন কল্যাণ সাধিত হয়নি। উপরন্তু সামান্য সম্মানী ভাতাটিও গড়িমসির কারণে কিছু কিছু বিদ্যালয় বন্ধ হয়ে গেছে। এতে করে যেমন সমস্যা হয়েছে শিক্ষকদের তেমন শিক্ষা সুবিধা হতে বঞ্চিত হলো বহু ছাত্র-ছাত্রী, বিপাকে পড়ল অভিভাবকগণ। এতদ্ব্যতীত দেশ যখন বিভিন্ন সমস্যা জর্জরিত তখন আবারও শুভ আগমন ঘটল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকারের। এই চারদল ঐক্যজোটের দেশ-দরদী সরকারের কাছে বাংলাদেশের জনগণের অনেক কিছু চাওয়ার ও পাওয়ার আছে। কারণ সরকার দেশের মানুষের স্বপ্ন পূরণের অঙ্গীকারবদ্ধ আর জনগণের শ্রদ্ধাভাজন কল্যাণেষু এই সরকারের নিকট বাংলাদেশ স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট অভিভাবকগণের সবিনয় আবেদন, বিদ্যালয়সমূহকে সরকারী করে একটি নির্দিষ্ট বেতন স্কেলের মাধ্যমে বেতন প্রদানের ব্যবস্থা করে সংশ্লিষ্ট শিক্ষকমণ্ডলীসহ দেশ ও জাতির কল্যাণ বয়ে আনুক।

বাংলাদেশ স্বল্পব্যয়ী কমিউনিটি বিদ্যাঃ পক্ষে

—মোঃ অলিউল্লাহ সরকার
প্রধান শিক্ষক, নোয়াকান্দি স্বল্পব্যয়ী কমিউনিটি
প্রাথমিক বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা।

সরকারী ...